

# কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ১১-১২-২০২৩

গত ৪ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (০৭-১২-২০২৩ থেকে ১০-১২-২০২৩ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

## উক্ত সময়ের মধ্যে

**০৭ ডিসেম্বর:** গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পুরুলিয়া জেলার দুয়েক জায়গায় ভারী (০৭-১১ সেমি) বৃষ্টিপাত হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের নদীয়া, মুর্শিদাবাদ, পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, পুরুলিয়া, বীরভূম, বাঁকুড়া, পূর্ব ও পশ্চিম বর্ধমান জেলার অধিকাংশ জায়গায় হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের কলকাতা, হাওড়া, হুগলী, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর জেলার অধিকাংশ জায়গায় এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের মালদা, উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলার দুয়েক জায়গায় অতি হালকা থেকে হালকা বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার):** ফুলবেড়িয়া:৭; বর্ধমান, মেদিনীপুর:৬; বাঁকুড়া, ঝাড়গ্রাম:৫; পুরুলিয়া:৪

**০৮ ডিসেম্বর:** গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পূর্ব বর্ধমান জেলার জেলার দুয়েক জায়গায় ভারী (০৭-১১ সেমি) বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের দার্জিলিং জেলার দুয়েক জায়গায় তুষারপাত হয়েছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জলপাইগুড়ি ও দার্জিলিং জেলার দুয়েক জায়গায় ঘন থেকে মাঝারি ধরণের কুয়াশা ছিল। পশ্চিমবঙ্গের জেলাগুলোর অধিকাংশ জায়গায় অতি হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত হয়েছে।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) :** বর্ধমান:৭; কৃষ্ণনগর:৬; কল্যাণী:৫; পুরুলিয়া:৪; বাঁকুড়া, রামপুরহাট, শ্রী নিকেতন, সুরী, আসানসোল, দুর্গাপুর, বার্নপুর, লছিপুর, পানাগড়, হরিণখোলা, উলুবেড়িয়া, আলিপুর, দমদম, সল্টলেক:৩; মালদা, বহরমপুর, বসিরহাট, ঝাড়গ্রাম:২

**০৯ ডিসেম্বর:** গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পশ্চিম বর্ধমান জেলার দুয়েক জায়গায় এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জলপাইগুড়ি, দার্জিলিং ও কোচবিহার জেলার কয়েক জায়গায় মাঝারি থেকে হালকা ধরণের (দৃশ্যমানতা: ২০০-৯৯৯ মিটার) কুয়াশা ছিল। পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) :** নেই

**১০ ডিসেম্বর:** পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কোচবিহার জেলার দুয়েক জায়গায় অতি ঘন ধরণের (দৃশ্যমানতা: ০-৪৯ মিটার) কুয়াশা ছিল। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পশ্চিম বর্ধমান জেলার এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জলপাইগুড়ি জেলার কয়েক জায়গায় মাঝারি থেকে হালকা ধরণের (দৃশ্যমানতা: ২০০-৯৯৯ মিটার) কুয়াশা ছিল। পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) :** নেই

**আপেক্ষিক আর্দ্রতা (শতাংশ) :** উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৬১ থেকে ৭০ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৫২ থেকে ৮২ শতাংশ।

**সর্বনিম্ন তাপমাত্রা :** উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংশে সর্বনিম্ন তাপমাত্রা ১০ই ডিসেম্বর পুরুলিয়া তে ১২.১ ডিগ্রি সেলসিয়াস ছিল।

### রাতের তাপমাত্রা

তারিখ	স্বাভাবিক	স্বাভাবিকের থেকে			
		২-৪ ডিগ্রি সেলসিয়াস কম	৫-৬ ডিগ্রি সেলসিয়াস কম	২-৪ ডিগ্রি সেলসিয়াস বেশী	৫-৬ ডিগ্রি সেলসিয়াস বেশী
	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম

০৭-১১-২০২৩	--	--	--	দার্জিলিং, কালিম্পং, কৃষ্ণনগর, মেদিনীপুর, দীঘা	জলপাইগুড়ি, কোচবিহার, মালদা, বালুরঘাট, বহরমপুর, আলিপুর, দমদম, কাঁথি
০২-২০-২১-২০	--	--	--	দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, কৃষ্ণনগর, আলিপুর, কাঁথি, দীঘা	কোচবিহার, মালদা, বালুরঘাট, মেদিনীপুর, দমদম
০৯-১২-২০২৩	--	--	--	দার্জিলিং, কালিম্পং, কোচবিহার, কৃষ্ণনগর, মেদিনীপুর, আলিপুর, দমদম, কাঁথি, দীঘা	জলপাইগুড়ি, মালদা, বালুরঘাট
১০-১২-২০২৩	দার্জিলিং, মেদিনীপুর, দীঘা	--	--	কালিম্পং, জলপাইগুড়ি, কোচবিহার, বালুরঘাট, কৃষ্ণনগর, আলিপুর, দমদম, কাঁথি	মালদা

### পরবর্তী ৩ দিনের আবহাওয়ার পূর্বাভাস :

#### দিন ১ (১১ ডিসেম্বর)-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং জেলার দুয়েক জায়গায় জায়গায় হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে। পশ্চিমবঙ্গের জেলাগুলোর দুয়েক জায়গায় হালকা থেকে মাঝারি ধরণের (দৃশ্যমানতা: ২০০-৯৯৯ মিটার) কুয়াশার সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের ভূমি অঞ্চলের জেলাগুলিতে আগামী ৫ দিন, রাতের তাপমাত্রায় বড় কোনো পরিবর্তন হবে না।

**দিন ২ (১২ ডিসেম্বর)-**

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাং জেলার দুয়েক জায়গায় জায়গায় হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

**দিন ৩ (১৩ ডিসেম্বর)-**

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং জেলার দুয়েক জায়গায় জায়গায় হালকা বৃষ্টিপাতের অথবা তুষারপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কালিম্পাং, জলপাইগুড়ি, কোচবিহার আলিপুরদুয়ার জেলার দুয়েক জায়গায় জায়গায় হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

**সতর্কীকরণ:****দিন ১ (১১ ডিসেম্বর)-**

কোনো সতর্কবার্তা নেই।

**দিন ২ (১২ ডিসেম্বর)-**

কোনো সতর্কবার্তা নেই

**দিন ৩ (১৩ ডিসেম্বর)-**

কোনো সতর্কবার্তা নেই।

**পরবর্তী ২ দিনের অনুমান :** সামান্য পরিবর্তন হবে।

স্বাক্ষরিত  
পূ

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র, আলিপুর

১১-১২-২৩